অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2025 **গভর্নর ক্যাথি হোকল**

ইউনিভার্সাল স্কুল মিল: গভর্নর HOCHUL (হোকল) 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে নিউ ইয়র্কের 2.7 মিলিয়নের বেশি স্টুডেন্টদের জন্য ফ্রি ব্রেকফাস্ট ও লাঞ্চ দেওয়ার ঘোষণা করলেন

স্টেটের ইতিহাসের প্রথমবারের মতো নিউ ইয়র্ক সকল স্কুল মিলের খরচ দিবে এবং খাদ্য অনিরাপত্তা সমাধানে সাহায্য করবে এবং নিশ্চিত করবে যাতে সকল স্টুডেন্ট বিনা খরচে খেতে পারে

গভর্নর Hochul-এর (হোকল) উদ্যোগটি পরিবারের মুদি পণ্য কেনার ক্ষেত্রে প্রতি মাসে প্রত্যেক শিশুর জন্য আনুমানিক 165 মার্কিন ডলার সাশ্রয় করবে

প্রোগ্রামটি প্যারেন্টদের পকেটে অর্থ ফেরত দিবে, স্বাস্থ্যকর অভ্যাসকে উৎসাহিত করবে এবং নিউ ইয়র্কের আরো বেশি স্টুডেন্টদের জন্য সফল হওয়ার ব্যবস্থা করবে

2025 সালের স্টেট অফ দ্য স্টেটের জন্য তার ক্রয়ক্ষমতা সম্পর্কিত এজেন্ডার অংশ হিসেবে তার পঞ্চম প্রস্তাবনা হিসেবে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে একটি ঐতিহাসিক উদ্যোগ ঘোষণা করেছেন যা নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কের (New York) 2.7 মিলিয়নের বেশি স্টুডেন্টদের মধ্যে প্রত্যেকেই স্কুলে ফ্রি ব্রেকফাস্ট এবং লাঞ্চ পেতে পারে। এই যুগান্তকারী প্রোগ্রামটি প্যারেন্টদের অর্থ বাঁচাতে সাহায্য করবে, নিউ ইয়র্কের শিশুদের মধ্যে খাদ্য অনিরাপত্তার সমাধান করবে, এবং স্টুডেন্টদের জন্য সফল হওয়ার আরো সুযোগ তৈরি করবে। গভর্নর Hochul (হোকল) আজকে লং আইল্যান্ডের (Long Island) Westbury Middle School-এ এই প্রস্তাবনাটি প্রকাশ করবেন, এটি এমন একটি ডিস্ট্রিক্ট যারা নিজেরা দেখেছে কীভাবে ইউনিভার্সাল ফ্রি মিল স্টুডেন্ট ও পরিবারের জন্য ফলাফল উন্নত করেছে।

"রিসার্চ খুবই স্পষ্ট: লাঞ্চরুমে ভালো খাওয়া থাকলে ক্লাসরুমে ভালো গ্রেড পাওয়া যায়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কের প্রত্যেক স্টুডেন্টের জন্য আমি ফ্রি স্কুল মিলের প্রস্তাব করছি, যা শিশুদের সে খাবার দিবে যা তাদের প্রয়োজন এবং প্যারেন্টদের পকেটে আরো অর্থ ফেরত দিবে।"

ফ্রি স্কুল মিল দেওয়া হলো শিশুদের স্কুলে রাখা এবং ক্লাসরুমে মনযোগ দিতে সাহায্য করার একটি কার্যকর উপায়। এই বেনিফিট পাওয়ার জন্য সব আর্থিক বাধ্যবাধকতা দূর করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সকলের জন্য সমতা নিয়ে আসবে এবং প্যারেন্টদের কাছে তাদের খরচ করা

অর্থ ফেরত দিবে। ফ্রি স্কুল মিলের কারণে মুদি পণ্য কেনার ক্ষেত্রে প্রতি শিশুর জন্য প্রতি মাসে হওয়া খরচ থেকেই পরিবারগুলি 165 মার্কিন ডলার করে বাঁচাতে পারবে বলে অনুমান করা হচ্ছে এবং দেখা যাচ্ছে যে এটি শিক্ষাকে সমর্থন করবে, টেস্ট স্কোর বাড়াবে, এবং উপস্থিতি ও ক্লাসরুমের আচরণ উন্নত করবে।

এমন উচ্চাকাঙ্ক্ষী একটি প্রস্তাবনার চেষ্টা এর আগে নিউ ইয়র্কে করা হয়নি, এবং গভর্নর Hochul (হোকল) তার দায়িত্বের পুরো সময়ে ফ্রি স্কুল মিলকে অগ্রাধিকার দিয়ে চলেছেন। যোগ্য স্কুলগুলিকে ফেডারেল Community Eligibility Provision (CEP) প্রোগ্রামে অংশগ্রহণ করার ইনসেনটিভ দিতে সাহায্য করার জন্য ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025-এর পাশ করা বাজেটে 180 মিলিয়ন মার্কিন ডলার যোগ করা হয়েছে, যার ফলে অংশগ্রহণকারী সকল স্কুলের স্টুডেন্টরা নিজেদের পরিবারের আয় যাই হোক না কেনো, বিনা খরচে ব্রেকফাস্ট ও লাঞ্চ খেতে পারবে। নতুন স্টেট অফ দ্য স্টেটের উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক স্কুলের প্রত্যেক স্টুডেন্টের জন্য ফ্রি লাঞ্চ ও ব্রেকফাস্টের খরচ দিবে যা প্রোগ্রামে অংশগ্রহণ করার উপর নির্ভর করবে না, এর ফলে আরো প্রায় 300,000 স্টুডেন্টকে এটি পাওয়ার যোগ্য করবে।

New York State United Teachers (NYSUT)-এর প্রেসিডেন্ট Melinda Person (মেলিন্ডা পার্সন) বলেন, "প্রতিদিন আমাদের স্কুলগুলিতে শিক্ষকরা ক্ষুধার্ত শিশুদের দেখেন যাদের বিদ্যমান ফ্রি মিল প্রোগ্রামের যোগ্য হতে পারার কথা, কিন্তু স্টিগমা বা ব্যুরোক্রেসির কারণে তারা তা পায় না। নিউ ইয়র্কের প্রায় প্রতি ছয় জনের মধ্যে একজন শিশু খাদ্য অনিরাপত্তায় ভুগছে, এবং তাদের জিপ কোড বা পরিবারের আয় নির্বিশেষে সকল স্টুডেন্টদের জন্য ইউনিভার্সাল ফ্রি মিল দেওয়ার অতি গুরুত্বপূর্ণ এই প্রোগ্রামটি খাদ্য নিয়ে দুশ্চিন্তা কমাবে, মানসিক এবং শারীরিক স্বাস্থ্য উন্নত করবে, এবং স্টুডেন্টদের সমৃদ্ধি করার ক্ষমতাকে সমর্থন করবে। পরিস্থিতি যাই হোক না কেনো, প্রত্যেক শিশুর এমন পুষ্টি প্রাপ্য যা বেড়ে উঠার জন্য এবং শেখার জন্য তাদের প্রয়োজন।"

Community Food Advocates-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Liz Accles (লিজ অ্যাক্লেস) বলেন, "Healthy School Meals for All Coalition সবসময় বিশ্বাস করে এসেছে যে মানুষের মঙ্গল করার ক্ষমতা সরকারের আছে। সেই নীতি কার্যকর করার একটি অবিলম্বে বাস্তব করা সম্ভব এমন এবং প্রধান উদাহরণ হলো ইউনিভার্সাল ফ্রি স্কুল মিল। এই ব্যাপারে পক্ষে কাজ করার জন্য এবং এটিকে একটি শীর্ষ অগ্রাধিকার করার জন্য আমরা গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি, আমরা অত্যন্ত খুশি।"

Hunger Solutions New York-এর CEO Andrés J. Vives (আন্দ্রেস জে ভাইভস) বলেন, "আজকের ঘোষণা দিয়ে গভর্নর Hochul (হোকল) এটি স্পষ্ট করে দিয়েছেন যে সকল শিশুর কাছে যাতে সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় খাবারের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করার ব্যাপারে নিউ ইয়র্ক নেতৃত্ব দিবে। ফ্রি স্কুল ব্রেকফাস্ট এবং লাঞ্চের ইউনিভার্সাল অ্যাক্সেস দেওয়া হলে তা ক্ষুধা দূর করবে, শিশুদের মানসিক এবং শারীরিক স্বাস্থ্যকে সমর্থন করবে, এবং জীবনযাপনের বেশি খরচ নিয়ে হিমশিম খেতে থাকা পরিবারগুলিকে অতি প্রয়োজনীয় আর্থিক ত্রাণ দিবে। গভর্নর যে ঐতিহাসিক এই বিনিয়োগের পক্ষে রয়েছেন তার জন্য আমরা তার প্রশংসা করছি এবং এই প্রস্তাবনাটি যাতে চূড়ান্ত বাজেটে থাকে তা নিশ্চিত করতে আইনসভার (Legislature) সাথে কাজ করতে চাই।"

New York State School Boards Association (NYSSBA)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Robert S. Schneider (রবার্ট এস. স্নাইডার) বলেন, "এই উদ্যোগকে সমর্থন করতে পেরে NYSSBA খুশি। গত দুইটি স্টেট বাজেট স্কুল মিলে উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে, এবং সত্যিকারের ইউনিভার্সাল স্কুল মিল প্রোগ্রাম দেওয়ার মাধ্যমে এই প্রোগ্রামটি সেইসব বিনিয়োগকে অগ্রসর করছে। এটি নিশ্চিত করবে যাতে কোনো শিশুকে ক্ষুধার্ত অবস্থায় স্কুলে যেতে না হয় এবং তাদের ক্লাসরুমে সফল হওয়ার সম্ভাবনা অনেক বাড়িয়ে দিবে।"

School Administrators Association of New York State (SAANYS)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Jennifer Carlson (জেনিফার কার্লসন) বলেন, "প্রত্যেক স্টুডেন্ট যাতে স্কুলে ব্রেকফাস্ট এবং লাঞ্চ পাওয়ার যোগ্য হয় তা নিশ্চিত করার জন্য গভর্নর যে উল্লেখযোগ্য তহবিল যোগ করেছেন সেজন্য School Administrators Association of New York State (SAANYS) তার প্রশংসা করছে। স্টুডেন্ট এবং পরিবারের সাথে কাজ করা স্কুলের নেতৃবৃন্দ বুঝতে পেরেছে যে প্রতিদিন শিশুদের একটি স্বাস্থ্যকর শুরু দিতে পারার প্রয়োজন কতটা গুরুত্বপূর্ণ। গভর্নরের প্রস্তাবিত তহবিল সকল স্টুডেন্টদের সেই পুষ্টি দিবে যা সক্রিয়ভাবে শিক্ষা প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য এবং এমন মিলের ক্ষেত্রে খরচ কমিয়ে পরিবারগুলিকে সমর্থন করার জন্য প্রয়োজন। গভর্নরের স্টেট অফ দ্য স্টেট ভাষণে এমন তহবিলের প্রস্তাবনা দেখে আমরা খুশি এবং উৎসাহিত হয়েছি।"

New York State Council of School Superintendents-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Charles Dedrick (চার্লস ডেডরিক) বলেন, "সকল শিশুর জন্য বিনা খরচে স্কুলে মিল দেওয়া নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনার আমরা প্রশংসা করছি। এটি স্কুলের শিশুদের ক্ষুধা কমাবে, প্যারেন্টদের সময় ও অর্থ দুইটিই বাঁচাবে, এবং স্কুলের অ্যাডমিনিস্ট্রেশন সরল করবে। পুরো স্টেটের সুপারিন্টেনডেন্টরা আশা করছে যে আগামী স্টেট বাজেটে এটিকে পাশ করা হবে।"

NY School Nutrition Association-এর CEO Jennifer Martin (জেনিফার মার্টিন) বলেন, "আমাদের স্টেটের শিশুদের সুস্থতা ও ভবিষ্যতের জন্য নিবেদিত একটি অর্গানাইজেশন হিসেবে এই বছরের বাজেটে সকলের জন্য স্কুল মিলকে যোগ করার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। এই সাহসী ও সহানুভূতিশীল পদক্ষেপটি নিশ্চিত করবে যাতে সকল শিশু তাদের ব্যাকগ্রাউন্ড নির্বিশেষে এমন পুষ্টির অ্যাক্সেস পায় যা ক্লাসরুমে সফল হওয়ার জন্য তাদের প্রয়োজন। একজন ক্ষুধার্ত শিশু তার সম্ভাবনা থেকে বিক্ষিপ্ত হয়, এবং সকল স্টুডেন্টদের মিল দেওয়ার মাধ্যমে আমরা তাদের স্বাস্থ্য, তাদের শিক্ষা, এবং তাদের ভবিষ্যতে বিনিয়োগ করছি। বাঁধা ভেঙ্গে ফেলা এবং সকল শিশুর কাছে যাতে সমৃদ্ধি করার সুযোগ থাকে তা নিশ্চিত করার এই চেষ্টায় গভর্নরের সাথে যোগ দেওয়ার জন্য আমরা সকল লেজিস্লেটরদের উৎসাহিত করছি। আমাদের স্টেটে আরো মজবুত, আরো স্বাস্থ্যকর, এবং আরো সমতার ভবিষ্যৎ গঠনের জন্য এটি একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

নাসাউ (Nassau) কাউন্টির আইনসভার মাইনোরিটি লিডার Delia DeRiggi-Whitton (ডেলিয়া ডেরিগি-হুইটন) বলেন, "নিউ ইয়র্কের স্কুলের শিশুদের জন্য ইউনিভার্সাল ব্রেকফাস্ট এবং লাঞ্চ নিউ ইয়র্কে ক্ষুধার বিরুদ্ধে আমাদের সামগ্রিক মিশনের গতি বদলে দিবে এবং নাসাউ

কাউন্টির পরিশ্রমী কমবয়সী পরিবারগুলির জন্য অতি গুরুত্বপূর্ণ আর্থিক ত্রাণ দিবে। তার আসন্ন বাজেটে এই উদ্যোগকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি, এটি আমাদের পরিবারগুলিকে সমৃদ্ধি করার এবং আমাদের স্টুডেন্টদের ক্লাসরুমে ভালো করার ক্ষমতা দিবে।"

নর্থ হেম্পস্টিড (North Hempstead) টাউনের কাউন্সিল মেম্বার এবং ওয়েস্টবেরি (Westbury) ডিস্ট্রিক্টের বোর্ড অফ এডুকেশনের প্রেসিডেন্ট Robert Troiano (রবার্ট ট্রয়িয়ানো) বলেন, "বাড়তে থাকা দামের কারণে প্রায় সবাই অনেক চাপে আছে, বিশেষ করে খাবারের জন্য। গভর্নরের পরিকল্পনা পুরো অর্থনৈতিক স্পেকট্রামের পরিবারের জন্য ত্রাণ দিবে এবং একই সাথে নিশ্চিত করবে যাতে শিশুরা স্বাস্থ্যকর মিল পেতে পারে। ওয়েস্টবেরিতে আমরা দেখেছি যে যখন প্রত্যেক শিশুর জন্য পুষ্টিকর মিল নিশ্চিত থাকে তখন একাডেমিক পারফর্ম্যান্স বাড়ে এবং আচরণগত সমস্যা কমে। এছাড়াও আমরা দেখেছি যে ইউনিভার্সাল ফ্রি মিল বাস্তবায়ন করা হলে তা পরিবারগুলিকে আবেদন প্রক্রিয়ার স্টিগমা থেকে মুক্তি দেয় এবং আবেদন প্রক্রিয়া পরিচালনা করার খরচ ও চাপ থেকে স্কুল ডিস্ট্রিক্টগুলিকে মুক্ত করে। সকলের জন্য ইউনিভার্সাল ফ্রি মিল প্রোগ্রামের আওতা বাড়ানোর জন্য আমরা গভর্নরের প্রশংসা করছি।"

Island Harvest-এর প্রেসিডেন্ট এবং CEO Randi Shubin Dresner (র্যান্ডি সুবিন ড্রেসনার) বলেন, "এই একটি পলিসি প্রস্তাবনা দিয়ে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের স্টুডেন্টদের মধ্যে খাদ্য অনিরাপত্তা নাটকীয়ভাবে কমিয়ে দিবেন। আইনসভা যখন স্টেটের বাজেট অনুমোদিত করবে তখন লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক স্টুডেন্ট জানবে যে স্কুল সেশন চলাকালীন প্রতিটি দিনে তাদের পরবর্তী ব্রেকফাস্ট এবং লাঞ্চ কোথা থেকে আসবে। প্যারেন্টদের কাছে নিজেদের সন্তানদের সমর্থন করার জন্য পকেটে আরো অর্থ থাকবে, এবং সবথেকে গুরুত্বপূর্ণ হলো, স্টাডি প্রমাণ করেছে যে যখন সকল শিশুদের সাথে একইরকম ব্যবহার করা হয় এবং স্কুলে তারা একই স্বাস্থ্যকর খাবারের অ্যাক্সেস পায়, তখন গ্রেড ভালো হয়, এবং স্টুডেন্টদের মধ্যে সম্পর্ক জোরদার হয়। স্কুলে এবং বাড়িতে কম চাপ থাকে। গভর্নর Hochul (হোকল) তার বাজেটে স্টুডেন্টদের জন্য খাবারের অ্যাক্সেস বাড়িয়েছেন, ফুড ব্যাংক এবং ইমার্জেন্সি খাদ্য ব্যবস্থাকে সমর্থন করেছেন, এবং নিউ ইয়র্কে ক্ষুধা এবং খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে যে লড়াই প্রয়োজন তার তিনি চ্যাম্পিয়ন।"

Nassau-Suffolk School Boards Association-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Bob Vecchio (বব ভেকিও) বলেন, "এই ব্যাপারটি অগ্রসর করার জন্য এবং এই ব্যাপারে নেতৃত্ব দেওয়ার জন্য আমরা গভর্নর প্রতি কৃতজ্ঞ। খাদ্য অনিরাপত্তা নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি অঞ্চলে বহু কমিউনিটিকে প্রভাবিত করে। এই উদ্যোগকে সমর্থন করার মাধ্যমে এটি আমাদের স্কুলগুলিতে অনেকের জন্য খাদ্য অনিরাপত্তার বিষয়টি দূর করে, এবং একই সাথে নিশ্চিত করে যে, যেসকল স্টুডেন্ট এর ফলে লাভবান হবে তারা যাতে ফ্রি বা কম মূল্যের মিল পাওয়ার যোগ্য হওয়ার কারণে স্টিগমার শিকার না হয়। Nassau-Suffolk School Boards Association গর্বের সাথে নিউ ইয়র্ক স্টেটের সকল স্টুডেন্টের জন্য ফ্রি স্কুল মিলকে সমর্থন করছে।"

Health and Welfare Council of Long Island-এর প্রেসিডেন্ট এবং CEO (ভ্যানেসা বেয়ার্ড-স্ট্রিটার) বলেন, "সকলের জন্য ইউনিভার্সাল স্কুল মিলকে সমর্থন করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। সকল স্টুডেন্টের কাছে স্কুলে ব্রেকফাস্ট এবং

লাঞ্চের অ্যাক্সেস আছে তা নিশ্চিত করা হলে একাডেমিক পারফর্ম্যান্স উন্নত হবে এবং স্টুডেন্টদের মনযোগ দেওয়ার এবং তথ্য ধরে রাখার ক্ষমতা বাড়াবে যা তাদের শিক্ষার অভিজ্ঞতার জন্য কাজে লাগবে। লং আইল্যান্ডের জীবনযাপনের অনেক খরচের কারণে কিছু পরিবারের জন্য দিনে তিনটি পূর্ণ মিল দিতে পারা কঠিন হয়ে যায়, তাই শিশুরা স্কুলে স্বাস্থ্যকর এবং পুষ্টিকর মিল পাবে তা জানা থাকলে পরিবারের উপর থেকে এই চাপ উল্লেখযোগ্যভাবে কমে যাবে।"

গভর্নর Hochul (হোকল) খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াই করাকে তার অ্যাডমিনিস্ট্রেশনের একটি অগ্রাধিকার করেছেন। তার নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health) এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (Department of Agriculture and Markets) একাধিক প্রোগ্রাম পরিচালনা করে যা পুরো স্টেটে খাদ্য এবং পুষ্টি নিরাপত্তার বাড়ানোকে সমর্থন করে:

Nourish New York উদ্যোগ, যার পরিচালনা ডিপার্টমেন্ট অফ হেলথ এবং ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস একসাথে করে, নিউ ইয়র্ক স্টেটে ফলানো বা উৎপাদিত পণ্য, যেমন ডেইরি পণ্য এবং ফসল, কেনা ও বিতরণ সমর্থন করার জন্য তহবিল দেয়। চালু হওয়ার পর থেকে, নারিশ নিউ ইয়র্ক নিউ ইয়র্কের 118 মিলিয়ন পাউন্ডের বেশি খাদ্যদ্রব্য ক্রয়ে সহযোগিতা করেছে, নিউ ইয়র্কের কৃষকদের উৎসাহিত করেছে এবং অভাবগ্রস্ত লোকেদের 99 মিলিয়নেরও বেশি খাবার সরবরাহ করেছে।

Farm-to-School প্রোগ্রাম স্থানীয় কৃষিকে শক্তি প্রদান করতে এবং শিক্ষার্থীদের স্বাস্থ্যের উন্নতি ঘটাতে স্থানীয় খামার এবং খাদ্য উৎপাদনকারীদের সাথে স্কুলগুলোকে সংযুক্ত করে। নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য আরো স্থানীয়, পুষ্টিকর, মরশুমভেদে ভিন্ন ভিন্ন খাবার প্রদানের জন্য কর্মসূচিটি স্কুল, খামার, বিতরণকারী, এবং অন্যান্য সহায়ক সংস্থাগুলোকে আর্থিক, প্রযুক্তিগত, এবং প্রচারণামূলক সহায়তা প্রদান করে।

30 শতাংশ নিউ ইয়র্ক স্টেট উদ্যোগ (Percent New York State Initiative) যে কোনো ডিস্ট্রিক্টের লাঞ্চের জন্য স্কুলের লাঞ্চের জন্য প্রাপ্ত ব্যয়পূরণ প্রতি 5.9 সেন্ট থেকে প্রতি 25 সেন্টে করে বৃদ্ধি করে ফার্ম-টু-স্কুল প্রোগ্রামের উপর গড়ে উঠেছে, যা শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্যকর খাবারের বিকল্প এবং কৃষকদের জন্য অতিরিক্ত বাজার প্রদান করে তাদের স্কুলের লাঞ্চ অন্তত 30 শতাংশ যোগ্য নিউ ইয়র্কের উৎপাদিত এবং প্রক্রিয়াজাত পণ্য দ্বারা গঠিত বলে নিশ্চিত করে।

Regional School Food Infrastructure Grant প্রোগ্রাম, যা আঞ্চলিক রান্নার ফ্যাসিলিটিগুলিকে সমর্থন করার জন্য পাঁচ বছরে 50 মিলিয়ন মার্কিন ডলার দিৰে যা K-12 স্কুলের শিশুদের জন্য খাবার তৈরি করতে নিউ ইয়র্ক স্টেটের তাজা ফার্ম পণ্য ব্যবহার করাকে আরো সহজ করবে।

Hunger Prevention and Nutrition Assistance প্রোগ্রাম 2,600টির বেশি আপৎকালীন খাদ্য সরবরাহকারীর একটি নেটওয়ার্ককে সমর্থন করে যারা সহায়তা চাওয়া ব্যক্তিদের স্বাস্থ্যকর খাবার এবং তাজা উৎপন্ন ফসল সরবরাহ করে।

মহিলা, নারী, নবজাতক এবং শিশুর জন্য বিশেষ সম্পূরক পুষ্টি প্রোগ্রাম (WIC) স্তন্যদুগ্ধ খাওয়ানোর সহায়তা, পুষ্টি বিষয়ক শিক্ষা, সম্পূরক পুষ্টিকর খাদ্য সুবিধা এবং স্বাস্থ্যসেবা রেফারেলের মাধ্যমে 425,000 জনেরও বেশি লোকের জন্য কাজ করে।

Commodity Supplemental Food প্রোগ্রাম 60 বছর এবং তদুর্ধ্ব বয়সী প্রাপ্তবয়স্কদের বিনামূল্যে পুষ্টিকর খাদ্য সরবরাহ করে। প্রতি মাসে প্রায় 36,000 বয়স্ক মানুষ এই প্রোগ্রামে অংশগ্রহণ করেন। গ্রীষ্মকালে, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে উপলব্ধ সিনিয়র ফার্মারস মার্কেট নিউট্রিশন প্রোগ্রামের (Senior Farmers' Market Nutrition Program) মাধ্যমে অংশগ্রহণকারীরা ফার্মার মার্কেটে তাজা ফল এবং সবজির জন্য অতিরিক্ত সুবিধা পান। লক্ষ্য হলো 60 বছর বা তার বেশি বয়সের কম-আয়ের ব্যক্তিদের ডায়েটে ইউনাইটেড স্টেটসের (United States) ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচারের (Department of Agriculture) পুষ্টিকর খাবার যোগ করে তাদের স্বাস্থ্য উন্নত করা।

Child and Adult Care Food প্রোগ্রাম হল একটি পুষ্টি বিষয়ক শিক্ষা এবং খাবারের পরিপূরণ কর্মসূচি যা পরিষেবা প্রদানকারীদের ডে-কেয়ার সেটিংসে শিশু এবং প্রাপ্তবয়স্কদের পুষ্টিকর এবং নিরাপদে প্রস্তুত খাবার এবং জলখাবার পরিবেশন করতে সহায়তা করে। প্রোগ্রামটি মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি দপ্তরের মাধ্যমে অর্থায়ন করা হয় এবং নিউ ইয়র্কের বাসিন্দাদের স্বাস্থ্য ও মঙ্গল প্রচারে নিউ ইয়র্কের প্রতিশ্রুতি অব্যাহত রাখে। চাইল্ড কেয়ার সেন্টার, কমিউনিটি-ভিত্তিক প্রাপ্তবয়স্ক কেন্দ্র, আফটারস্কুল প্রোগ্রাম, গৃহহীন আশ্রয়কেন্দ্র এবং পারিবারিক ডে-কেয়ার প্রোগ্রামে যোগদান করে এমন সকল শিশু এবং প্রাপ্তবয়স্ক খাবার পান।

Food Access Expansion Grant প্রোগ্রামটি মুদি দোকান নেই এবং স্বাস্থ্যকর, সাশ্রয়ী দামের খাবারের অপশন নেই এমন এলাকায় বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের জন্য খাদ্য অ্যাক্সেস বাড়াতে সাহায্য করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার দেয়। এটি নিউ ইয়র্কের কৃষকদের বাজার বৃদ্ধির পাশাপাশি স্টেটের সুবিধাবঞ্চিত অঞ্চলে সুপারমার্কেট, ফুড কোঅপারেটিভ, স্থায়ী ফার্ম স্ট্যান্ড, ও অন্যান্য রিটেইল খাবারের দোকান উন্নত করতে ও বাড়াতে সমর্থন করার জন্য ইন্‌ফ্রাস্ট্রাকচারের জন্য তহবিল দেয়।

FreshConnect প্রোগ্রাম এবং FreshConnect Fresh2You প্রোগ্রাম, যা এখন Supplemental Nutrition Assistance প্রোগ্রামের (SNAP) প্রাপকদের জন্য পুরো নিউ ইয়র্ক স্টেটের ফার্মার্স মার্কেটে কেনাকাটা করার ক্ষমতা দ্বিগুণ করেছে। উদ্যোগটি যোগ্য নিউ ইয়র্কবাসীকে অংশগ্রহণকারী কৃষকদের বাজারে প্রতিদিন সর্বোচ্চ 50 মার্কিন ডলারের জন্য ডলার-ফর-ডলার ম্যাচ দেয়, যার ফলে অভাবী পরিবারগুলো উৎপন্ন, দুগ্ধজাত পণ্য, ডিম ও মাংসসহ আরো স্বাস্থ্যকর খাদ্য কিনতে পারে।

Farmers' Market Nutrition প্রোগ্রাম (FMNP) ফার্মার্স মার্কেট এবং ফার্ম স্ট্যান্ডে স্থানীয় উৎপাদনকারীদের বিক্রি বাড়ানোর মাধ্যমে তাদের প্রচার করে এবং স্থানীয়ভাবে ফলানো খাবার খাওয়ার মাধ্যমে স্বাস্থ্যকর কমিউনিটি তৈরি করে। পুরো নিউ ইয়র্কের কমিউনিটিগুলিকে স্থানীয়ভাবে উৎপন্ন স্বাস্থ্যকর খাবার সাপ্লাই করে FMNP-তে অংশগ্রহণ করা ফার্মার্স মার্কেট, ফার্ম স্ট্যান্ড, এবং মোবাইল মার্কেট স্টপসহ 700টির বেশি বাজারের অবস্থানে তাজা ফল ও সবজি কেনার জন্য ব্যবহার করতে যোগ্য ভোক্তাদের কুপন দেওয়া হয়।

SNAP-Ed Funding প্রোগ্রাম, যা অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্টেন্সের (Office of Temporary and Disability Assistance) কোঅর্ডিনেশনে পরিচালনা করা হয়, এর উদ্দেশ্য হলো Supplemental Nutrition Assistance প্রোগ্রামের যোগ্য কমিউনিটিগুলির জন্য স্থানীয় পণ্যকে আরো সহজলভ্য এবং অ্যাক্সেসিবল করা এবং একই সাথে কমিউনিটি গার্ডেন (Community Garden) এবং ফুড বক্সের (Food Box) মতো প্রোগ্রামের মাধ্যমে স্থানীয় পণ্য জোগাড় করা এবং পুষ্টি শিক্ষা দেওয়া।

পাশাপাশি, **নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস** ফেডারেল তহবিল দিয়ে নিউ ইয়র্কের Food for New York Families প্রোগ্রামের পরিচালনা করে, এটি নিউ ইয়র্কে উৎপাদিত খাদ্য পণ্য কিনে সেগুলিকে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে বিতরণ করার প্রোজেক্ট বাস্তবায়নের জন্য পার্টনার ফুড ব্যাংক এবং ফুড সার্ভিস অর্গানাইজেশনগুলিকে প্রায় 50 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে। এছাড়াও এটি নিউ ইয়র্কের Food for New York Families প্রোগ্রামের কাছে বিক্রি করতে উৎপাদকদের টেকনিক্যাল সহায়তা দেয়।

ডিপার্টমেন্ট অফ হেলথের ওয়েবসাইটে Hunger Prevention and Nutrition Assistance প্রোগ্রাম, Special Supplemental Nutrition Program for Women, Infants and Children, Commodity Supplemental Food প্রোগ্রাম, এবং Child and Adult Care Food প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য পাবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন